“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা


লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd


বিজ্ঞপ্তি নং : ৫৪/২০১৮ তারিখ : ০৫ ডিসেম্বর ২০১৮ খ্রি:

## ২০১৯ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি (সংশোধিত) ঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০১৯ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা থেকে ১ টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকাল ২টা থেকে ৫ টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক) -১ম পত্র | ১০১ | ০২/০২/২০১৯<br>শনিবার | × | × |
| ১। বাংলা (আবশ্যিক) -২য় পত্র | ১০২ | ০৩/০২/২০১৯<br>রবিবার | × | × |
| ১। শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা<br>(শুধুমাত্র অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য) | ১৪৭ | ০৪/০২/২০১৯<br>সোমবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) -১ম পত্র | ১০৭ | ০৫/০২/২০১৯<br>মঙ্গলবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র | ১০৮ | ০৭/০২/২০১৯<br>বৃহস্পতিবার | × | × |
| ১। গণিত (আবশ্যিক) | ১০৯ | ০৯/০২/২০১৯<br>শনিবার | × | × |
| ১। ইসলাম ও নৈতিক শিক্ষা<br>২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৪। খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা | ১১১<br>১১২<br>১১৩<br>১১৪ | ১১/০২/২০১৯<br>সোমবার | × | × |
| ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১৫৪ | ১২/০২/২০১৯<br>মঙ্গলবার | × | × |
| ১। ক্যারিয়ার শিক্ষা<br>( শুধুমাত্র অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য ) | ১৫৬ | ১৩/০২/২০১৯<br>বুধবার | × | × |
| ১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>৩। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩৬<br>১৫৩<br>১৫২ | ১৪/০২/২০১৯<br>বৃহস্পতিবার | × | × |
| ১। রসায়ন (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি ও নাগরিকতা<br>৩। ব্যবসায় উদ্যোগ | ১৩৭<br>১৪০<br>১৪৩ | ১৬/০২/২০১৯<br>শনিবার | × | × |
| ১। বাংলা ভাষা ও সাহিত্য<br>২। ইংরেজি ভাষা ও সাহিত্য<br>৩। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)<br>৪। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)<br>৫। সঙ্গীত (তত্ত্বীয়) | ১১৯<br>১২০<br>১৫১<br>১৩৪<br>১৪৯ | ১৭/০২/২০১৯<br>রবিবার | ১। আরবি<br>২। সংস্কৃত<br>৩। পালি<br>৪। কর্মমুখী শিক্ষা (তত্ত্বীয়)<br>৫। কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়)<br>৬। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়)<br>৭। বেসিক ট্রেড (তত্ত্বীয়)<br>৮। চারু ও কারুকলা (তত্ত্বীয়) | ১২১<br>১২৩<br>১২৪<br>১৩০<br>১৩১<br>১৩৩<br>১৩৫<br>১৪৮ |
| ১। জীববিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। অর্থনীতি | ১৩৮<br>১৪১ | ১৮/০২/২০১৯<br>সোমবার | × | × |
| ১। বাংলাদেশ ও বিশ্বপরিচয় | ১৫০ | ২০/০২/২০১৯<br>বুধবার | × | × |
| ১। বিজ্ঞান<br>২। উচ্চতর গণিত (তত্ত্বীয়) | ১২৭<br>১২৬ | ২৩/০২/২০১৯<br>শনিবার | × | × |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ২৪/০২/২০১৯<br>রবিবার | × | × |
| ১। হিসাববিজ্ঞান | ১৪৬ | ২৫/০২/২০১৯<br>সোমবার | × | × |

চলমান পাতা-২

## ব্যবহারিক পরীক্ষার সময়সূচি ঃ

| বিষয় | বিষয় কোড | তারিখ ও দিন | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। সঙ্গীত | ১৪৯ | ২৬/০২/২০১৯<br>মঙ্গলবার | সকাল ১০টা | পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর/<br>স্ব-স্ব কেন্দ্র | ১। সঙ্গীত বিষয়ের সঙ্গীত অংশের ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীকে প্রবেশপত্র, নিবন্ধনপত্র, বাদ্যযন্ত্র, তবলাবাদক ও সনাক্তকারী শিক্ষকসহ নিজ খরচে নির্ধারিত তারিখে সকাল ৯.৩০ মিনিটের মধ্যে বোর্ডে/কেন্দ্রে উপস্থিত হতে হবে। |
| ২। বেসিক ট্রেড (১৩৫) সহ সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ২৭/০২/২০১৯ বুধবার হতে ০৫/০৩/২০১৯ মঙ্গলবার পর্যন্ত। উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং ১২/০৩/২০১৯ মঙ্গলবার তারিখের মধ্যে ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি এবং অন্যান্য আনুষাঙ্গিক কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে কেন্দ্র সচিবের ফরওয়ার্ডিংসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের মাধ্যমিক শাখায় জমা দিতে হবে। | | প্রতিদিন সকাল ১০টা হতে পরীক্ষা শুরু হবে। | স্ব-স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।<br>(যে কেন্দ্র/ভেন্যুতে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে)। | ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। বিঃদ্রঃ ব্যবহারিক পরীক্ষার নম্বর অনলাইনে প্রেরণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার নম্বর ফর্দের হার্ডকপি বোর্ডে জমা দিতে হবে না। তবে এক সেট প্রিন্ট কপি কেন্দ্রসচিব সংরক্ষণ করবেন। |

## বিশেষ নির্দেশাবলি ঃ

১। পরীক্ষা শুরুর ৩০(ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
৩। প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
৫। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে প্রবেশপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ড, কাল বলপেন এবং কাঠ পেন্সিল অবশ্যই সঙ্গে আনতে হবে।
৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের **OMR** ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক) নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক (প্রোগ্রামিং নয়) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
১১। **কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব শুধুমাত্র সাধারণ ফোন ব্যবহার করতে পারবেন।**
১২। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব কেন্দ্র/ভেন্যুতে অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য অন্তঃ ও বহিঃ পরীক্ষক নিয়োগের লক্ষে কেন্দ্র সচিব ঐ কেন্দ্রের পরীক্ষায় অংশগ্রহণকারী বিদ্যালয়গুলোর বিজ্ঞান শিক্ষক/অন্যান্য ব্যবহারিক বিষয়ের শিক্ষকগণের একটি তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে প্রস্তুত করে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার তত্ত্বাবধানে ব্যবহারিক বিষয়ের জন্য অন্তঃ ও বহিঃ পরীক্ষক নিয়োগ করবেন। অন্তঃ ও বহিঃ পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে অংশগ্রহণকারী বিদ্যালয়ের পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণে ঐ বিদ্যালয়ের কোন শিক্ষককে নিয়োগ দেয়া যাবে না। ব্যবহারিক পরীক্ষা প্রতিদিন তিন দফায় (**Three shift**) গ্রহণ করতে হবে। প্রতি দফায় ২০ জন করে পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। সংশ্লিষ্ট পরীক্ষকগণ ব্যবহারিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের নিকট হতে বিষয় ও তারিখ অনুযায়ী স্বাক্ষরপত্রের যথাস্থানে স্বাক্ষর গ্রহণ করবেন।
১৪। ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা(১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের স্বাক্ষর সম্বলিত কপি কেন্দ্র সচিবকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ নিশ্চিত করবেন এবং হার্ডকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।
১৫। দৈনন্দিন পরীক্ষা শেষে রচনামূলক/সৃজনশীল উত্তরপত্র, **OMR** এর প্রথম অংশ, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র সরাসরি/ডাকযোগে/রেলযোগে ঐদিনই বোর্ডে প্রেরণ করতে হবে।
১৬। প্রধান শিক্ষকগণ স্ব স্ব বিদ্যালয়ের পরীক্ষার্থীগণের (মান উন্নয়ন পরীক্ষার্থীসহ) প্রবেশপত্র ফরমপুরণকৃত পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবের নিকট হতে কেন্দ্র ফি প্রদান পূর্বক সংগ্রহ করবেন।
১৭। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য অনলাইনে **SMS** এর মাধ্যমে আবেদন করা যাবে।

05/12/18

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৯১(১২)    তারিখ: ০৫ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণ করার জন্য :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। জেলা প্রশাসক, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা, রাজশাহী, যশোর, চট্রগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর
৫। পুলিশ সুপার, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর
৬। সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৭। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা /চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর
৮। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
১০। কেন্দ্র সচিব, এ বোর্ডের এসএসসি পরীক্ষা -২০১৯ এর অনুমোদিত সকল কেন্দ্র
১১। এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান
১২। সংরক্ষণ নথি।

05.12.18

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬৪৬১
ইমেইলঃ **dcscomillaboard@gmail.com**